**পরিশিষ্ট - গ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিবার পরিকল্পনা অধিদপ্তর**
**জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা**
**(উপকরণ ও সরবরাহ ইউনিট)**

১৮ মাঘ ১৪১২

স্মারক সংখ্যা-পপঅ/উঃ ও সঃ-১/২০০৫/৫০৭৯/১৪০ তারিখঃ ৩১ জানুয়ারী, ২০০৬

**সার্কুলার**

**বিষয়ঃ উপজেলা পরিবার পরিকল্পনা স্টোর, সরকারি ও বেসরকারি ক্লিনিক, পরিবার কল্যাণ সহকারী ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের নিকট জন্মনিরোধক সামগ্রীর মজুদ অবস্থা যাচাই সমীক্ষার পরবর্তী পদক্ষেপ।**

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তর গত বছরের শেষে ও চলতি বছরের গোড়ার দিকে DELIVER BANGLADESH/JSI - এর আর্থিক সহায়তায় উপজেলা পরিবার পরিকল্পনা স্টোর, সরকারি ও বেসরকারি ক্লিনিক, পরিবার কল্যাণ সহকারী ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের নিকট জন্মনিরোধক সামগ্রীর মজুদ অবস্থা যাচাইয়ের জন্য একটি সমীক্ষা পরিচালনা করে। সমীক্ষার ফলাফল পর্যালোচনায় দেখা যায় যে, কোনো উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরেই কনডম, খাবার বড়ি ও ইনজেকটেবলসের মজুদ শূন্যতা ছিল না। যদিও সে সময় ৩৩% উপজেলা স্টোরে IUD 'র মজুদ শূন্যতা ছিল।

২। সমীক্ষার ফলাফল পর্যালোচনায় দেখা যায় যে, উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরে কনডম, খাবার বড়ি ও ইনজেকটেবলস্ের পর্যাপ্ত মজুদ থাকা সত্ত্বেও ঐ সময়ে ৯% পরিবার কল্যাণ সহকারী এবং ১৫% ক্লিনিকে খাবার বড়ির, ১৪% পরিবার কল্যাণ সহকারী ও ১৪% ক্লিনিকে কনডমের এবং ৯% ক্লিনিকে ইনজেকটেবলস্ের মজুদ শূন্যতা ছিল। তারই প্রতিফলন দেখা যায় পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের ক্ষেত্রেও। সমীক্ষা চালানো কালীন সময়ে ১২% গ্রহীতার নিকট কোনো কনডম ছিল না এবং ৩৮% এর নিকট খাবার বড়ির মাত্র চলমান পাতাটি ছিল।

৩। সমীক্ষার ফলাফল পর্যালোচনায় আরও দেখা যায় যে, ১৮% উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরে কনডমের, ৩০% উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরে খাবার বড়ির, ৩% উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরে ইনজেকটেবলস্ের এবং ৬% উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরে আইইউডি'র বাস্তব মজুদের সাথে রেকর্ডেড মজুদের গরমিল ছিল। ক্লিনিক এবং পরিবার কল্যাণ সহকারী পর্যায়েও অনুরূপ গরমিল পরিলক্ষিত হয়েছে।

৪। উপজেলা পরিবার পরিকল্পনা স্টোরে জন্মনিরোধক সামগ্রীর পর্যাপ্ত মজুদ থাকা সত্ত্বেও সরকারি ও বেসরকারি ক্লিনিক ও পরিবার কল্যাণ সহকারীদের নিকট জন্মনিরোধক সামগ্রীর মজুদ শূন্যতা এবং বাস্তব মজুদের সাথে রেকর্ডেড মজুদের গরমিল থাকা কোনো অবস্থায়ই গ্রহণযোগ্য নয়। এ অবস্থা থেকে উত্তরণের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করার জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলোঃ

(ক) প্রত্যেক পণ্যাগার উপজেলা স্টোরের ৭বি প্রতিবেদন পর্যালোচনা এবং সর্বনিম্ন ও সর্বোচ্চ মজুদ মাত্রা বিবেচনা করে সরবরাহ পরিকল্পনা রেজিস্টারে উপজেলার জন্য সরবরাহের পরিমাণ নির্ধারণপূর্বক রেকর্ড করবে ও সরবরাহের সিডিউল অনুযায়ী নির্দিষ্ট তারিখে নির্ধারিত পরিমাণ দ্রব্যাদি উপজেলায় সরবরাহ করবে।

(খ) প্রত্যেক উপজেলা স্টোর পরিবার কল্যাণ সহকারী, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং বেসরকারি সংস্থার মাসিক MIS প্রতিবেদন পর্যালোচনা এবং সর্বনিম্ন ও সর্বোচ্চ মজুদ মাত্রা বিবেচনা করে সরবরাহ পরিকল্পনা রেজিস্টারে প্রত্যেক পরিবার কল্যাণ সহকারী, পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং বেসরকারি সংস্থার জন্য সরবরাহের পরিমাণ নির্ধারণপূর্বক রেকর্ড করবে ও সরবরাহের তারিখ অনুযায়ী নির্ধারিত পরিমাণ দ্রব্যাদি সরবরাহ করবে।

(গ) সরবরাহ পরিকল্পনা রেজিস্টারে সরবরাহের পরিমাণ নির্ধারণ না করে কোনো পণ্যাগার উপজেলা স্টোরে এবং উপজেলা স্টোর কোনো কর্মী, ক্লিনিক বা বেসরকারি সংস্থায় কোনো দ্রব্য সরবরাহ করতে পারবে না।

(ঘ) কোনো পরিবার কল্যাণ সহকারীর মাসিক রাউন্ড যদি ২ (দুই) মাসের হয়, তবে খাবার বড়ির নতুন গ্রহীতাকে প্রথমবার ৪ (চার) চক্র বা পাতা এবং যদি পরিবার কল্যাণ সহকারীর মাসিক রাউন্ড ১ (এক) মাসের হয় তাহলে নতুন গ্রহীতাকে প্রথমবার ৩ (তিন) চক্র বা পাতা খাবার বড়ি সরবরাহ দিতে হবে। পরবর্তী রাউন্ড হতে, যেখানে ২ মাসের রাউন্ড ঐ সমস্ত এলাকায় প্রত্যেক পুরাতন অর্থাৎ নিয়মিত গ্রহীতাকে ২ চক্র বা পাতা খাবার বড়ি এবং যেখানে ১ মাসের রাউন্ড সে সমস্ত এলাকার পুরাতন অর্থাৎ নিয়মিত গ্রহীতাদের ১ চক্র বা পাতা করে সরবরাহ দিয়ে যেতে হবে। এর ফলে পরিবার কল্যাণ সহকারী যদি নির্দিষ্ট দিনে ফিল্ডে যেতে নাও পারে, খাবার বড়ির গ্রহীতার মজুদ শূন্যতা হবার কোনো সম্ভাবনা থাকবে না।

(ঙ) বাস্তব মজুদের সাথে রেকর্ডেড মজুদের গরমিল কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। উপজেলা পরিবার পরিকল্পনা স্টোর, ক্লিনিক ও বেসরকারি সংস্থার প্রত্যেক ট্রানজেকশন শেষে স্টক রেজিস্টার (ICR) ও পরিবার কল্যাণ সহকারী দিনের কাজ শেষে পরিবার কল্যাণ সহকারী রেজিস্টারের দৈনিক কার্যাবলির হিসাব ছক হালনাগাদ করবেন এবং মাঝে মাঝে বাস্তব মজুদের সাথে স্টক রেজিস্টারের (ICR) মজুদ মিলিয়ে দেখবেন। যদি ঐ সময়ে বাস্তব মজুদের সাথে স্টক রেজিস্টারের (ICR) মজুদের কোন গরমিল পরিলক্ষিত হয়, তবে সাথে সাথে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে গরমিল সমন্বয় করবেন।

(চ) প্রত্যেক পণ্যাগার মাসিক ৭ এবং উপজেলা স্টোর মাসিক ৭বি রিপোর্টের সাথে নিম্নোক্ত প্রত্যয়নপত্র দাখিল করবে:

১. এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, চলতি মাসের শেষ কর্মদিবসের শেষে আমরা পণ্যাগারের কিছু নির্বাচিত দ্রব্যের বাস্তব মজুদের সাথে রেকর্ডেড মজুদ মিলিয়ে দেখেছি এবং কোনো গরমিল পাওয়া যায়নি।
২. প্রত্যয়নপত্রের শেষে স্টোরকিপার ও সরবরাহ কর্মকর্তা বা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তারিখসহ স্বাক্ষর করবেন। উল্লেখ্য, এ প্রত্যয়নপত্র ছাড়া কোনো ৭ এবং ৭বি রিপোর্ট গৃহীত হবে না।

স্বাক্ষরিত
৩১.১.০৬
(এম এ আকমল হোসেন আজাদ)
মহাপরিচালক

স্মারক সংখ্যা-পপঅ/উঃ ও সঃ-১/২০০৫/৫০৭৯/১৪০(ক)/১(১৫৭০)

১৮ মাঘ ১৪১২
তারিখ: ৩১ জানুয়ারী, ২০০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা।
২। বিভাগীয় পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা, ........................... ।
৩। অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা, জেলা পবিরার পরিকল্পনা কার্যালয়, জেলা: ......................... ।
৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), উপজেলা: ............................ জেলা: ..................... ।
৬। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল), উপজেলা: ....................... জেলা: ..................... ।
৭। সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, পরিবার পরিকল্পনা ............................ ।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা।

স্বাক্ষরিত
৩১.১.০৬
(মোঃ তাহের জামিল)
পরিচালক (উপকরণ ও সরবরাহ)
এবং লাইন ডাইরেক্টর (সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ ব্যবস্থাপনা)